

৫) বাচ্চার সাইজ অনুযায়ী ছোট-বড় আলাদা করুন এবং আলাদাভাবে খেতে দিন।

৬) বাচ্চার লিটার বা বিছানা সর্বদা পরিষ্কার করুন।

৭) সবসময় বিশুদ্ধ পানির ব্যবস্থা রাখুন।

১২। প্রথম দিন থেকে ১৪ দিন পর্যন্ত ঔষধ সমূহঃ

১) Immue safe/Betalyte/Immolyte নিয়মানুযায়ী খাবার পানির সাথে খেতে দিন।

২) Glucolyet স্যালাইন যাহা (৩নং এ) বর্ণনা করা হয়েছে।

৩) Vita ADE/Renasol AD<sub>3</sub>E/Safe AD<sub>3</sub>E=100 ml  
নিয়মঃ ১ মিলি = ২ লিটার পানিতে, সারা দিনের পানিতে এবং সপ্তাহে দুইদিন খাওয়াবেন।

৪) Vita-3 = 10gm / 100gm

নিয়মঃ ১ গ্রাম = ২ লিটার পানিতে, সারা দিনের পানিতে এবং সপ্তাহে দুইদিন খাওয়াবেন।

৫) টিকা দেয়ার আগে এবং পরের দিন Immue safe/Betalyte/Immolyte খেতে দিতে হবে। ৫ গ্রাম প্রতিদিন ১০০ হাঁসের জন্য।



সৌজন্যেঃ

ডাঃ মোঃ আবুল কালাম আজাদ

জেনা প্রাণিসম্পদ কর্মকর্তা

ঠাকুরগাঁও।

মোবাইল : ০১৭১২-৮৪৩১৯৯



## হাঁসের বাচ্চা পালন প্রসক্রিপশন

১। হাঁসের জাতঃ বাংলাদেশে সাধারণত উন্নত জাতের ডিম উৎপাদনকারী খাকি ক্যাম্পবেল, জিংডিং, ইন্ডিয়ান রানার এবং মাংস উৎপাদনকারী বেইজিং বা পিকিং, মাস্কেভী, রাজহাঁস ইত্যাদি পাওয়া যায়।

২। উৎপাদন ক্ষমতাঃ প্রতিটি খাকী ক্যাম্পবেল ও জিংডিং হাঁসী থেকে বছরে ২৪০ থেকে ২৫০ টি ডিম পাওয়া যায়। ইন্ডিয়ান রানার হাঁসী থেকে ২০০-২৪০টি এবং বেইজিং হাঁসী থেকে ১৮০-২০০ টি ডিম পাওয়া যায়। হাঁসের কাংখিত পরিমাণ ডিম উৎপাদন নির্ভর করে জাত, খাদ্য উপাদানের গুণগত মানের উপর।

৩। বাচ্চা পালন ব্যবস্থাঃ হ্যাচারী থেকে বাচ্চা বাড়ীতে আনার পর ব্রুডারে ছাড়তে হবে। কমপক্ষে ২ ঘন্টা শুধুমাত্র glucovet স্যালাইন পানি খেতে দিতে হবে। ব্রুডারের নীচে চট বা ছালার উপর পেপার বিছাতে হবে। ৩ দিন পর্যন্ত ৪ ঘন্টা পরপর পেপার বদলাতে হবে। খাবার পাত্র এবং পানির পাত্র পেপারের উপর দিতে হবে। সর্বদা খেয়াল রাখতে হবে যাতে পানি পড়ে পেপার ভিজে না যায় এবং পায়খানায়ুক্ত ময়লা খাবার না খায়।

১) Glucovet স্যালাইন: ২০-২৫ গ্রাম ১ লিঃ পানিতে প্রথম ২ ঘন্টা। পরে ১০-১৫ গ্রাম ১ লিঃ পানিতে দিবেন পুরোদমে খাদ্য না খাওয়া পর্যন্ত।

২) ০১ দিন থেকে ১৫ দিন পর্যন্ত Broiler Starter feed খাওয়াবেন। ১৫ দিন পর থেকে ২০ দিন পর্যন্ত (৫দিন) উক্ত খাদ্যের সাথে অন্য যে কোন খাদ্য খাওয়ার অভ্যাস করতে হবে।

৩) ১ম দিন থেকে Probiotic হিসেবে Poultry Starsol নিয়মানুযায়ী ৫ দিন খাওয়াতে হবে। টিকা দেয়ার আগে ও পরে Lisovit নিয়মানুযায়ী পানিতে খেতে দিবেন।